দৈনিক দুর্নীতির বার্তা

দৈনিক দুর্নীতির বার্তা
https://dainikdurniti.com
প্রকাশনা: শুক্রবার, ১১ সেপ্টেম্বর, ২০২৬ | ২৭ ভাদ্র ১৪৩৩ বঙ্গাব্দ
সংবাদ নেয়া হয়েছে: বৃহস্পতিবার, ১০ সেপ্টেম্বর, ২০২৬ | ২৬ ভাদ্র ১৪৩৩ বঙ্গাব্দ

মূল্য ১২ টাকা

অনুসন্ধানী প্রতিবেদন

# ৫০০০ রোগীর চিকিৎসা সেবায় মিটফোর্ডের বন্ধ গেট দ্রুত খোলার দাবি নবনির্বাচিত সভাপতি মোঃ মোজাফফর হোসেন।



ফরহাদ হোসেনবুধবার (৯ই সেপ্টেম্বর) হাসপাতালটির সমিতির কার্যালয়ে অনুষ্ঠিত শপথ গ্রহণ অনুষ্ঠানে এ দাবি করেন। এ সময় নব নিযুক্ত কমিটির সকলেই উপস্থিত ছিলেন।তিনি বলেন, স্যারসলিমুল্লাহ মেডিকেল কলেজ মিটফোর্ড হাসপাতাল চতুর্থ শ্রেণী সরকারি কর্মচারী সমিতির উপর অর্পিত দায়িত্ব ও কর্তব্য সঠিক ভাবে পালনের জন্য আমাদের কমিটির সকলকেই নির্বাচিত হন। জয়ী হয়েছি রোগীদের সেবার জন্য। কোন ধরনের দূর্নীতি এই কমিটি মেনে নেবে না। এ সময় দাবি করে তিনি বলেন, প্রায় ৫০০০ রোগীর সেবা বৃদ্ধিতে রাজধানীর মিটফোর্ড হাসপাতালের পিছনে প্রায় ২ বছর যাবৎ বন্ধ গেট খুলে দিলে রোগীদের অনেক উপকার হবে। উপকৃত হবে পাঁচ হাজারেরও বেশি পরিবারের। এই গেট না খোলায়, বাবু বাজার ব্রীজের উপর দিয়ে রোগীদের যাত্রায় অনেক বিপত্তি পোহাতে হয়, অনেক সময় রোগীকে মৃত্যু বরন করতে হয়, যা কাম্য নয়। আশাবাদ ব্যক্ত করে তিনি বলেন, আশাকরি কতৃপক্ষ এই বিষয়টি অনুধবন করবেন এবং যথাযথ ব্যবস্থা নিয়ে বন্ধ গেটটি খুলে দিবেন।সাধারণ সম্পাদক মোঃ সাইফুল ইসলাম বলেন, আমাদের হাসপাতালে প্রায় পাঁচশতর অধিক কর্মচারী ছিল। অবসর সহ নানা জনিত কারণে কমতে কমতে দুইশত'র নিচে কর্মচারী এখন রয়েছে। ২০১৫ সালের পর থেকে এ পর্যন্ত কোন সরকারি নিয়োগ না হওয়ায় এই সংকট সৃষ্টি হয়েছে। এদিকে সরকারের দৃষ্টি আকর্ষণ আকর্ষণ করছি। এতে রোগীদের সেবারমান বৃদ্ধি পাবে। এছাড়াও আমাদের হাসপাতালের পিছনে অবস্থিত বন্ধ গেটটি খুলে দিলে রোগীরা অনেক উপকৃত হবে ও অনেক সমস্যার সমাধান হবে।এ সময় নবনির্বাচিত কমিটির সকলেই শপথে বলেন, সরকারি চাকুরী বিধি ও রাষ্ট্রবিরোধী এবং হাসপাতাল কর্মচারীদের স্বার্থের…